

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৭ শ্রাবণ ১৪৩১/০১ আগস্ট ২০২৪

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০০১.২৩.১৮৯—আদিষ্ট হয়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে গত ১৪-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভার (২.১ নং) সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে 'Flora (Nitrobenzene-20%)' নামীয় Plant Growth Regulator (PGR) টি ধান ফসলে ব্যবহারের জন্য এর আবেদনকারী প্রতিষ্ঠান Advanced Chemical Industries Limited, 245 Tejgaon Industrial Area, Dhaka-1208, Bangladesh এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হল :

১. বিনির্দেশ :

Name of the Product : Flora (Nitrobenzene-20%)

(শুধুমাত্র ধান ফসল উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)

২. শর্তাবলি :

(ক) পিজিআরটির বস্তা/প্যাকেট/বোতলের গায়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের লেবেল লাগাতে হবে;

(২৩৭১৫)

মূল্য : টাকা ৪.০০

- (খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখতে হবে, যথা :—
- (i) পিজিআর এর নাম (ব্র্যান্ড নাম যদি থাকে সেটিও উল্লেখ করতে হবে) ;
 - (ii) পিজিআর এ বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদান/কার্যকরী উপাদানের নাম এবং এর মাত্রা/শতকরা হার;
 - (iii) পিজিআর এর নীট ওজন;
 - (iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুতকৃত-সেই দেশের নাম ;
 - (v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - (vi) উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ; এবং
 - (vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP) ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব ।